

প্রতিদিন অন্তত একবার বোর্ডের
ওয়েব সাইট
(www.bteb.gov.bd)
ভিজিট করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ(শর্টকোর্স শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

Web site : www.bteb.gov.bd

স্মারক নং-বাকাশিবো/প-শর্টকোর্স/২০১৭/২৩৯

তারিখ : ২০-০৬-২০১৭ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের জাতীয় দক্ষতামান বেসিক ৩৬০ ঘন্টা (৩ মাস) মেয়াদি কোর্সের (জানুয়ারি-মার্চ ২০১৭ সেশন) ২০১৭ সনের চূড়ান্ত লিখিত ও এবং ব্যবহারিক পরীক্ষা ৩১ মার্চ ২০১৭ খ্রিঃ শুক্রবার সকাল ১০.০০ টায় বোর্ড কর্তৃক নির্বাচিত পরীক্ষাকেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হয়। অদ্য ২০-০৬-২০১৭ তারিখে পরীক্ষা পরিষদের সুপারিশ মোতাবেক বোর্ডের অনুমোদনক্রমে ফলাফল প্রকাশ করা হলো। প্রকাশিত ফলাফলে কোন প্রকার অসংগতি বা অনভিপ্রেতঃ ভুলত্রুটি পরবর্তীতে পরিলক্ষিত হলে তা পরিবর্তন, সংশোধন ও বাতিল করার পূর্ণ ক্ষমতা বোর্ড কর্তৃক সংরক্ষিত।

উত্তরপত্র পূর্ণগনিরীক্ষণের নির্ধারিত প্রতি বিষয় ফি ৩০০/- (তিনশত টাকা) প্রদান করতঃ, যে সকল পরীক্ষার্থীদের ফলাফলে সংশোধনের জন্য অনলাইন (Online) আবেদন করবে তাদের হাজিরাসিট, শিরোনাম ও, টিসি/পিসি/পিএফ নম্বর ও প্রকাশিত ফলাফলের হার্ডকপি সত্যায়নসহ প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে অবশ্যই আগামী ০৩ জুলাই ২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে আবেদন করতে হবে। সংশ্লিষ্ট তথ্যাদি প্রতিষ্ঠান প্রধানের সত্যায়নসহ ডাকযোগে অথবা স্বহস্তে জমা দেওয়া যাবে। নির্ধারিত সময়ের পরে এ ধরনের কোন আবেদন বিবেচনা করা হবে না। এখানে উল্লেখ্য যে, অনলাইন (Online) ব্যতীত উত্তরপত্র পূর্ণগনিরীক্ষণের আবেদন গ্রহণযোগ্য নয় এবং প্রতিষ্ঠান ব্যতীত শিক্ষার্থী কর্তৃক কোন আবেদন গ্রহণ করা হবে না।

অন-লাইনে উত্তরপত্র পূর্ণগনিরীক্ষণের ক্ষেত্রে একই প্রতিষ্ঠানের একাধিক আবেদনকারী একটি মাত্র ডিডির মাধ্যমে আবেদন করতে পারবে অথবা এককভাবে আবেদন করতে পারবে তবে সকল প্রার্থীর ক্ষেত্রে অন-লাইনে আবেদনে সোনালী ব্যাংকের ডিডির নম্বর, শাখার নাম ও তারিখ উল্লেখ করতে হবে। অন-লাইনে প্রবেশের সময় Web page এ নিচে (Double Click) নির্দেশনাটি পড়ে নিতে হবে।

(প্রকৌশলী সুশীল কুমার পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

ঢাকা-১২০৭

ফোন : ৯১১৩২৮৩, ০১৭১৪০৭৫৮৩৮